দৈনিক বাংলা

তারিখ ১৯/২/৮১

পৃষ্ঠা... ... ... কলাম... ... ...



# সরকার প্রাথমিক শিক্ষকদের দাবী মেনে নিয়েছেন

প্রাথমিক শিক্ষকদের ন্যায়-সঙ্গত দাবীসমূহ পূরণ করা হয়েছে।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারী কর্মচারী হিসেবেই বহাল থাকবেন এবং তাদের বেতন, ভাতা, পেনসন, গ্র্যাচুইটি ইত্যাদি সরকারী তহবিল থেকেই দেয়া হবে।

প্রাথমিক শিক্ষকদের বেলায় সরকারী চাকরি বিধিই প্রযোজ্য হবে। শিক্ষা মন্ত্রণালয়ের এক তথ্য বিবরণীতে এ খবর জানা গেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তরফ থেকে প্রাথমিক শিক্ষকদের অবিলম্বে কাজে যোগদানের আহ্বান জানানো হয়েছে।